
যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ৩ ......

NOV. 03 2002




রাষ্ট্রপতি অধ্যাপক ড. ইয়াজউদ্দিন আহম্মেদ গতকাল ঢাকায় বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে নর্থ-সাউথ ইউনিভার্সিটির ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দেন -পিআইডি

# বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে শুধু সার্টিফিকেট প্রদানের প্রতিষ্ঠানে পরিণত করা উচিত হবে না

—রাষ্ট্রপতি

যুগান্তর রিপোর্ট

রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার উপযুক্ত পরিবেশ নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন। অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ও পরিবেশ না থাকার সমালোচনা করে তিনি বলেন, এই প্রতিষ্ঠানগুলোকে শুধু সার্টিফিকেট বিতরণের কেন্দ্রে পরিণত করা উচিত হবে না। বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ও পরিবেশ নিশ্চিত করতে হবে। একই সঙ্গে রাষ্ট্রপতি মেধাবী তরুণ গ্রাজুয়েটদের বেকারভাতা প্রদান এবং কর্মসংস্থানের জন্য ব্যাংক ও শিল্প উদ্যোক্তাদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন।

গতকাল শনিবার চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের (এনএসইউ) ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে রাষ্ট্রপতি উপরোক্ত আহ্বান জানান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন, এনএসইউ ফাউন্ডেশনের চেয়ারম্যান এ বি এম কামাল উদ্দিন খান, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর হাফিজা জিএ সিদ্দিকী, জাপানের জাতিসংঘ বিশ্ববিদ্যালয়ের সাবেক রেক্টর প্রফেসর হেইটর জি ডি সুয়োজা। বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য রাখেন ম্যারি জুলিয়েট রায়। রাষ্ট্রপতি এনএসইউ'র ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে ২৫১ জন গ্রাজুয়েটকে সনদপত্র হস্তান্তর করেন।

রাষ্ট্রপতি বলেন, বিশ্ববিদ্যালয় উচ্চজ্ঞান চর্চার কেন্দ্র। যেখানে একজন মানুষ প্রশিক্ষিত হয়ে সম্পদে পরিণত হয়। কিন্তু একটি বাস্তব সত্য হল অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে এখনও নিজস্ব একাডেমিক বিল্ডিং নেই। অন্যান্য সুযোগ-সুবিধারও কাঙ্ক্ষিত পরিবেশের অভাব রয়েছে। তিনি বলেন, ব্যস্ততম আবাসিক ও বাণিজ্যিক এলাকায় যেখানে-সেখানে ভাড়া করা বাসায় বিশ্ববিদ্যালয় খোলা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ে শিক্ষার জন্য এই পরিবেশ কাম্য নয়। রাষ্ট্রপতি বলেন, দেশে উচ্চ শিক্ষার প্রসার ঘটানোর জন্যই বেসরকারি খাতে এই বিশ্ববিদ্যালয় খোলার অনুমতি দেয়া হয়।

রাষ্ট্রপতি গ্রাজুয়েটরা বেরিয়ে যাওয়ার পর তারা যাতে চাকরি পেতে পারে সেদিকেও নজর রাখার জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রতি আহ্বান জানান। বিজ্ঞান ও কারিগরি বিষয়ে গুরুত্বারোপ করায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের প্রশংসা করে তিনি বলেন, দেশের প্রত্যেক জেলা হেড কোয়ার্টারে একটি করে বিজ্ঞান ইন্সটিটিউট থাকা উচিত। বিজ্ঞান শিক্ষা জনপ্রিয় করে তুলতে ইন্সটিটিউটগুলো ভূমিকা পালন করবে।